

২০২১

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাধারণ

পত্র : LCC (2) - 1

(বাংলা ভাষাবিজ্ঞান, সাহিত্যের রূপভেদ ও কাব্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) রেখাচিত্রের সাহায্যে বাংলা ভাষার শব্দভাণ্ডারের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০
- অথবা,
- (খ) বাংলা শব্দার্থ পরিবর্তনের যে-কোনো দু-টি ধারা বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০
- ২। (ক) পৌরাণিক নাটক বলতে কী বোঝায়? এই ধরনের নাটকের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে উল্লেখ করে একটি বাংলা পৌরাণিক নাটক বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ২+৩+৫
- অথবা,
- (খ) ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা নির্দেশ করে এই শ্রেণির উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সার্থক বাংলা ঐতিহাসিক উপন্যাস বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ২+৩+৫
- ৩। (ক) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গের নামকরণের সার্থকতা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গে অবলম্বনে রাবণ চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৪। উদাহরণসহ সংজ্ঞা দাও।
- (ক) শব্দের অর্থসংক্রম ৫
- অথবা,
- (খ) জোড়কলম শব্দ। ৫
- ৫। (ক) গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো। ৫
- অথবা,
- (খ) উপন্যাস ও রোমান্সের পার্থক্য আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গে বর্ণিত মেঘনাদের প্রমোদ-উদ্যানের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

৫

অথবা,

(খ) 'যাইব আপনি।

সাজ হে বীরেন্দ্রবন্দ, লঙ্কার ভূষণ!

দেখিব কি গুণ ধরে রঘুকুলমণি!

অরাবণ, অরাম বা হবে ভব আজি!

— বক্তা কে? উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো।

১+৪

৭। (ক) বাংলা শব্দভাণ্ডারের অর্থতৎসম শব্দ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা,

(খ) বস্তুনিষ্ঠ বা তন্ময় প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।

৫

অথবা,

(গ) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গে 'গাইব মা বীররসে ভাসি মহাগীত'— বাক্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) তত্ত্ব শব্দ কাকে বলে?

(খ) দু-টি দেশি শব্দের উদাহরণ দাও।

(গ) 'মহাজন' শব্দটির অর্থের অপকর্ষ কীভাবে ঘটেছে লেখো।

(ঘ) অর্থের প্রসার বা সম্প্রসারণের একটি উদাহরণ দাও।

(ঙ) একটি মধ্যস্বরলোপের উদাহরণ দাও।

(চ) 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে আগত?

(ছ) মহাকাব্যের দু-টি প্রধান ভাগের উল্লেখ করো।

(জ) 'পোয়েটিকস্' গ্রন্থটির রচয়িতা কে?

(ঝ) একটি সার্থক বাংলা ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(ঞ) একটি সার্থক বাংলা সামাজিক উপন্যাসের নাম লেখো।

(ট) ছোটোগল্পের যে-কোনো দু-টি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(ঠ) সাহিত্য-সমালোচনামূলক রবীন্দ্রনাথ ঠাকুরের একটি গ্রন্থের নাম লেখো।

(ড) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গে উল্লিখিত ভগ্নদূতের নাম কী?

(ঢ) 'দশাননাত্বাজ' শব্দটির অর্থ কী? তাঁর নাম লেখো।

(ণ) 'বাসবের চাপ' — কথাটির অর্থ কী?